তারিখ: 10 MAY 2016
পৃষ্ঠা: ১৪ কলাম: ৬

দৈনিক জনকণ্ঠ

# রাজশাহীতে বখাটের উৎপাতে স্কুলছাত্রীর আত্মহনন

**স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥** বখাটের 'উৎপাত' সহ্য করতে না পেরে রাজশাহী নগরীতে আমেনা খাতুন (১৪) নামে এক স্কুলছাত্রী গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে। আমেনা নগরীর মতিহার থানার চরশ্যামপুর বালুরঘাট শান্তিনগর এলাকার হায়দার আলীর মেয়ে। সে স্থানীয় একটি স্কুলের সপ্তম শ্রেণীর ছাত্রী ছিল।

পুলিশ জানায়, সোমবার সকাল ১০টার দিকে ওই কিশোরী তার ঘরে ঢুকে দরজা বন্ধ করে দেয়। এর পর গলায় ওড়না পেঁচিয়ে ফাঁস দিয়ে আত্মহত্যা করে। পরে পরিবারের সদস্যরা বিষয়টি টের পেলে পুলিশে খবর দেয়।

আমেনার মা নেগার বানু বলেন, রেজাউল করিম নামে এলাকার এক বখাটে তার মেয়েকে প্রেমের প্রস্তাব দিয়ে আসছিল। রবিবার দুপুরে তিনি নদীতে গোসল করতে গেলে ওই যুবক তাদের বাড়িতে গিয়ে তার মেয়েকে প্রেমের প্রস্তাব দেয়। তবে প্রস্তাবে রাজি না হওয়ায় তাকে হুমকি দিয়ে যায়। পরে তার মেয়ে এসব অভিযোগ করে। এ ঘটনার পর থেকেই মন খারাপ ছিল তার।

তিনি আরও বলেন, মেয়ের অভিযোগ পেয়ে ওই দিনই তিনি বখাটে রেজাউলের ব্যাপারে এলাকার লোকজন এবং তার বাড়িতে অভিযোগ দেন। এ নিয়ে সোমবার বিকেলে এলাকায় স্থানীয়ভাবে সালিশ বসার কথা ছিল। কিন্তু এ বিষয়ে এলাকায় নানা কানাঘুষা শুরু হলে ক্ষোভে-লজ্জায় তার মেয়ে আত্মহত্যা করে বলে অভিযোগ করেন তিনি।